

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত উপজেলা কমিটি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল-এর সভার কার্যবিবরণীঃ

সভাপতি : শামিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল  
তারিখ : ১৬/০৮/২০২১ সময় : ১১.০০ ঘটিকা  
সভার স্থান : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল এর অফিস কক্ষ।

টাঙ্গাইল সদর উপজেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত উপজেলা কমিটির সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা উপস্থাপন করার জন্য উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিবকে আহবান জানান হয়। কমিটির সদস্য সচিব সভাকে জানান যে, টীকাদানসহ উপজেলা হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকসমূহ বিভিন্ন স্বাস্থ্যসেবা প্রদান করে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়-

সিদ্ধান্ত : টীকাদানসহ উপজেলা হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকসমূহ প্রদত্ত স্বাস্থ্যসেবা উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।



(শামিমা আক্তার)  
মহিলা ভাইস চেয়ারম্যান  
ও  
সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত উপজেলা কমিটি  
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
- ২। ভাইস চেয়ারম্যান, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
- ৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
- ৪। চেয়ারম্যান, ----- ইউপি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
- ৫। অফিস নথি।